# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ خاء (খা) [৭১]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

خاء (খা) - 4

خلو< [ن] خَلَا একান্তে বসা, মুক্তমনে বসা, মুক্তচিত্ত হওয়া, খালি হওয়া; অতিবাহিত হওয়া, গত হওয়া, বিগত হওয়া, চলে যাওয়া, অতীত হওয়া, প্রস্থান করা, বিদায় নেওয়া, অন্তর্ধান হওয়া ৫:৭৫

خَلَّى খালি করা, মুক্ত করা, অবারিত করা, পথ ছেড়ে দেওয়া, পথ ফাঁকা করা ২:১৪

تَخَلَّى খালি হওয়া, উন্মুক্ত হওয়া, প্রকাশিত হওয়া, গর্ভশুন্য হওয়া ৮৪:৪

خَالِيَةٌ খালি, মুক্ত, গত, বিগত, অতীত ৬৯:২৪

خمد< خَامِدٌ নির্বাপিত, স্তিমিত, নিস্তেজ, নিব্যমান, নিভু নিভু ২১:১৫

خمر< خَمْرٌ মদ, মাদক, মাদকদ্রব্য, মদিরা, মদ্য, সুরা, শরাব, নেশাদ্রব্য ৫:৯১

خُمُرٌ جل خِمَارٌ চাদর, ওড়না, কাপড়ের আঁচল ২৪:৩১

خمس< خَمْسَةٌ পাঁচ, পঞ্চ ৩:১২৫

خَامِسَةٌ পঞ্চম, পঞ্চমত, পাঁচ নম্বর ২৪:৭

خَمْسِينَ পঞ্চাশ ২৯:১৪

خُمُسٌ এক পঞ্চমাংশ, পাঁচভাগের একভাগ, পাঁচের এক ৮:৪১

خمص< مَخْمَصَةٌ তীব্র ক্ষুধা, বুভুক্ষা, ক্ষুধাকাতর, অসহ্যক্ষুধা, ক্ষুধার জ্বালা, জঠরানল ৫:৩

خمط< خَمْطٌ তিক্ত ফল, বিস্বাদ, স্বাদহীন ৩৪:১৬

خنزر< خِنزِيرٌ ج خَنَازِيرُ শূকর, খিঞ্জীর, শুয়োর, বরাহ, ভূদার ৫:৩

خنس< ام خَنَّاسٌ গুপ্ত প্রবঞ্চক, গোপনে প্ররোচনাদাতা, জিন শয়তান ১১৪:৪

خُنَّسٌ و خَانِسٌ দিবসের গুপ্ত তারকা, গোপননক্ষত্র, গ্রহ, তারকা, জ্যোতিষ্ক, নক্ষত্রমণ্ডল, তারামণ্ডল, গ্রহপুঞ্জ ৮১:১৫

خنق< مُنْخَنِقَةٌ গলা টিপে মারা পশু, কণ্ঠরোধে মৃতপ্রাণী, ফাঁস দিয়ে মারা পশু ৫:৩

خور< خُوَارٌ গরুর ডাক, হাম্বা হাম্বা, বাঁশি, বাঁশরি ৭:১৪৮

خوض< خَوْض ،[ن] خَاضَ কথার কথা বলা, বাচালতা করা, বাজেকথায় লিপ্ত হওয়া, প্যাচাল পাড়া, বাড়িয়ে বলা, বাক্যালাপ করা, সমালোচনা করা ৬:৯১

خَائِضٌ বাচাল, অমিতবাক, বাজেপ্রসঙ্গ আলোচনাকারী, প্যাচালী ৭৪:৪৫

خَافَ [س]، خَوْفًا، خِيفَةً <خوف ভয় করা, ভীত হওয়া, ঘাবড়ানো, আঁতকে ওঠা, আশঙ্কা করা, শঙ্কিত হওয়া, ভীতসন্ত্রস্ত হওয়া, অনিষ্টের আশঙ্কা করা ৭:৩৫

خَوَّفَ، تَخْوِيفًا ভয় দেখানো, ভীতিপ্রদর্শন করা, ত্রাসসৃষ্টি করা, হুমকি দেওয়া, শাসানো ১৭:৫৯

تَخَوُّفٌ ভীত হওয়া, ভীতিপ্রদর্শন করা ১৬:৪৭

خَائِفٌ ভীত, ভীতসন্ত্রস্ত, সশঙ্ক, শঙ্কমান; সশঙ্কে, সন্তপর্ণে, ত্রস্তভাবে ২:১১৪

خَوَّلَ <خول দেওয়া, দান করা, নেয়ামত দেওয়া ৬:৯৪

خَالٌ ج أَخْوَال মামা, খালু, মাতুল ২৪:৬১

خَالاَتٌ و خَالَةٌ খালা, মামী ২৪:৬১

خَانَ [ن]، خِيَانَةً، اخْتَانَ <خون খিয়ানত করা, আত্মসাৎ করা, বিশ্বাসঘাতকতা করা, গ্রাস করা, ক্ষয় করা, ক্ষয়ক্ষতি করা, মেরে দেওয়া, প্রবঞ্চনা করা, ধোঁকাবাজি করা ৮:৭১

خَوَّانٌ، خَائِنٌ مث خَائِنَةٌ খিয়ানতকারী, আত্মসাৎকারী, বিশ্বাসঘাতক, ক্ষতিকারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ ৪:১০৭

خَاوِيَةٌ <خوي ভূপাতিত, পতনোন্মুখ, পতনশীল, পড়ন্ত, পাত্যমান ২:২৫৯

خَابَ [ض] <خيب ব্যর্থ হওয়া, বিফল হওয়া, নিষ্ফল হওয়া, অসফল হওয়া, অকৃতকার্য হওয়া, নিরাশ হওয়া, হতাশ হওয়া, আশাহত হওয়া ১৪:১৫

خَائِبٌ ব্যর্থ, হতাশ, আশাহত, নিরাশ, অসফল, অকৃতকার্য, অক্ষম, অপারগ ৩:১২৭

اخْتَارَ، تَخَيَّرَ، خِيَرَةٌ <خير পছন্দ করা, বাছাই করা, মনোনীত করা, নির্বাচিত করা, অধিকার দেওয়া, বেছে নেওয়া, গ্রহণ করা ৭:১৫৫

خَيْرٌ ج أَخْيَارٌ مث خَيْرَاتٌ উত্তম, ভালো, ভালোমানুষ, অতিউত্তম, সর্বোত্তম, বাছাইকরা, মনোনীত, পছন্দনীয়, পছন্দসই, কল্যাণ, মঙ্গল, সম্পদ, সম্পত্তি, ধনসম্পদ, উত্তম ঘোড়া, অশ্ব ৩৮:৩২

خَيْطٌ جل خُيُوْطٌ <خيط সুতা, সুতো, সুতলি, ফিতা, প্রভাত রেখা ২:১৮৭

خِيَاطٌ সূচ, সুই, সীবনযন্ত্র, সীবনী ৭:৪০

خَيَّلَ <خيل ধাঁধা লাগানো, খেয়াল করানো, ধাঁধাগ্রস্ত করা, প্রহেলিকাময় করা, কাল্পনিক বানানো, কল্পনায় আনা, মনে হওয়া, মনে আসা ২০:৬৬

مُخْتَالٌ খেয়ালপ্রবণ, কল্পনাপ্রবণ, যথেচ্ছাপ্রবণ, ধাঁধাগ্রস্ত, অহঙ্কারী, আত্মাভিমানী ৪:৩৬

خَيْلٌ جل خُيُوْلٌ অহঙ্কারের বস্তু, ঘোড়া, অশ্ব, বাজী, ঘোটক, হ্রেষী, অশ্বারোহী সৈন্য, ঘোড়সওয়ার ৩:১৪

خِيَامٌ و خَيْمَةٌ <خيم খিমা, তাবু, শিবির, পর্দা ৫৫:৭২

Source — https://www.hadithbd.com/books/link/?id=10215

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন